

স্মারক নং-৩৮.০১.০১৮.০০.০০.০০২.২০১৬- ৪৬২

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯  
২৬ জুন, ২০২২

বিষয়: প্রতারক চক্র থেকে সতর্ক/সাবধান থাকা সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এক/একাধিক প্রতারক চক্র নিম্নস্বাক্ষরকারীর নাম ও পদবী ব্যবহার করে বদলি/পদোন্নতির নিমিত্ত বিভিন্ন মোবাইল নম্বর থেকে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণের নিকট অর্থ দাবী করছে এবং কিছু কিছু ক্ষেত্রে অনৈতিক চাপ/তদবির করছে। ইতোপূর্বে প্রতারক চক্রটি একই কায়দায় সহকারী পরিচালক জনাব মো: আব্দুল আলীম এর নাম ও পদবী ব্যবহার করে মোবাইল নম্বর-০১৯৭৩৫১১৮৫৬, ০১৭৮৭০৪১৬৮৬, ০১৭৫৮৮৩৮১৩৭, ০১৭৫৬৬৭১০৭৩ ও ০১৭৮৭০৪১৬৮১, বিকাশ নম্বর-০১৭৫৮৮৩৭৮৮২ কিংবা অন্য কোন ফোনের মাধ্যমে বদলি/পদোন্নতির জন্য অর্থ দাবী করায় এ বিষয়ে অসাধু ও প্রতারক চক্রের প্রতারনা হতে মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য সতর্কতামূলক পত্র দেয়া হয়।

২। সহকারী পরিচালক জনাব মো: আব্দুল আলীম বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মিরপুর মডেল থানা, মিরপুর, ঢাকায় একটি সাধারণ ডায়েরী করেন, যার নম্বর-২৪৮, তারিখ ০৪/০৪/২০২১।

৩। ইদানিং প্রতারক চক্রটি আবারও সক্রিয় হয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণের নাম ও পদবী ব্যবহার করে মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণের নিকট একাধিক মোবাইল নম্বর এর মাধ্যমে বদলি/পদোন্নতির জন্য অর্থ দাবী করছে।

৪। এমতাবস্থায়, নিম্নস্বাক্ষরকারীসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কোন উর্দ্ধতন কর্মকর্তার নাম ও পদবী ব্যবহার করে কোন ধরনের অনৈতিক তদবির বা অর্থ দাবী করা হলে বিষয়টি যাচাই অন্তে আইনানুগ কার্যক্রম গ্রহণ করাসহ সংশ্লিষ্ট সকলকে অসাধু প্রতারক চক্র হতে সতর্ক/সাবধান থাকার জন্য অনুরোধ করা হলো।

মো: হামিদুল হক  
পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯

e-mail: diradmindpe@gmail.com

প্রাপক:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল).....জেলা।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল).....জেলা।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার (সকল).....উপজেলা.....জেলা।
- ৫। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল).....উপজেলা.....জেলা।
- ৬। অফিস কপি।